দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৬৯/২০২৫ তারিখঃ১৬/১০/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর নথি নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০১৩.২১/১১৪৭ তারিখঃ ০৯/১০/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
### পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

**বিষয় ঃ** বন্দরের বিভিন্ন গেইট পাস ইস্যু ও যানবাহনের প্রবেশ/বাহির TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করার সময় সৃষ্ট বিভিন্ন জটিলতা সম্পর্কে আলোচনা এবং তা জটিলতা চূড়ান্তভাবে নিরসনের লক্ষ্যে কর্মপন্থা নির্ধারনের জন্য গত ০৬/১০/২০২৫ তারিখ বিকাল ১৬:৩০ ঘটিকায় পরিচালক (নিরাপত্তা)/চবক এর সভাপতিত্বে পরিচালক(নিরাপত্তা) এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | লেঃ কর্নেল জহিরুল ইসলাম, পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম। |
| সভার স্থানঃ | ঃ | পরিচালক (নিরাপত্তা) এর কনফারেন্স কক্ষ |
| সভার তারিখ | ঃ | ০৬/১০/২০২৫ |
| সভার সময় | ঃ | বিকাল ১৬.৩০ ঘটিকা |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

১। সভার শুরুতেই পরিচালক (নিরাপত্তা) মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিচয় পর্ব শেষ করে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, চট্টগ্রাম বন্দরের সকল গেইটে গেইট পাস ইস্যু ও যানবাহনের প্রবেশ/বাহির TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে চলমান রয়েছে। TOS ব্যবহারের সময় সৃষ্ট জটিলতা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সমাধান করা হয়েছে। বর্তমানে বন্দরের সকল গেইটে পাস ইস্যুর ম্যানুয়াল পদ্ধতি বন্ধ করে TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে গেইট পাস ইস্যু ও যানবাহন প্রবেশ/বাহির করা হচ্ছে। উপস্থিত প্রতিনিধিগণ এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং দীর্ঘসময় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | প্রস্তাবনা | সিদ্ধান্তসমূহ | কার্যক্রম বাস্তাবায়নকারী দপ্তর/বিভাগ/সংস্থা |
|---|---|---|---|
| ১। | বন্দরের অভ্যন্তরে প্রবেশ করার ফি টার্মিনাল অপারেটিং সিস্টেম (TOS) সফটওয়্যার এর মাধ্যমে শতভাগ অনলাইনে প্রদান করার মাধ্যমে গেইট পাস সংগ্রহ করতে হবে। | ক) (TOS) সিস্টেমে অনলাইন পদ্ধতিতে পাস ইস্যু করা হবে।<br>খ) চালক ও সহকারী সংগৃহীত পাস কেবলমাত্র HHT এর মাধ্যমে পাঞ্চ করে অ্যাক্টিব করা যাবে এবং গাড়ীসহ বন্দর অভ্যন্তরে প্রবেশ করতে হবে। গাড়ীসহযোগে প্রবেশ করার পর চালক সহকারীগণ ট্রান্সটাইল ব্যবহার করে প্রবেশ ও বাহির হতে পারবে।<br>গ) HHT দিয়ে আউট না করে কোনভাবেই পুনরায় নতুন পাস সংগ্রহ করতে পারবে না।<br>ঘ) অনচেসিস্ পারমিশন ম্যানুয়াল পদ্ধতিতে না দিয়ে অনলাইন পদ্ধতিতে নিরাপত্তা কর্মকর্তা সিসিটি/এনসিটিকে পরিবহন বিভাগ কর্তৃক সরবরাহ করতে হবে।<br>ঙ) ভেরিফিকেশন কনফার্ম করার জন্য নিরাপত্তা বিভাগের সুবিধাজনক স্থানে (TOS) পরিচালনাকারী প্রতিষ্ঠান কর্তৃক পাসওয়ার্ডসহ প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করতে হবে। | ক) পরিবহন বিভাগ।<br>খ) নিরাপত্তা বিভাগ।<br>গ) বিদ্যুৎ বিভাগ।<br>ঘ) DataSoft.<br>ঙ) বায়েমেট্রিক্স বিডি।<br>চ) সকল অফ ডক প্রতিষ্ঠানসমূহ।<br>ছ) সকল বার্থ/টার্মিনাল অপারেটর।<br>জ) সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন। |
| ২। | পরিবহন বিভাগের অনুমতি বর্হিভূত কোন পাস ইস্যু না করা। | ক) অনচেসিস ডেলিভারীর ক্ষেত্রে পরিবহন কর্মকর্তা স্বাক্ষরিত ও সীলযুক্ত মূল কপিসহ অনুমতি/পারমিশনপ্রাপ্ত গাড়িগুলো কেবলমাত্র নির্দিষ্ট কন্টেইনার বহন করবে। পরিবহন বিভাগের অনুমতি/পারমিশন বহির্ভূত কোন গাড়ি প্রবেশ করবে না।<br>খ) পরিবহন বিভাগের অনুমতি/পারমিশন যাচাই করার জন্য বন্দরের সকল ডেলিভারী গেইট (গেইট নং-১, ২, ৩, ৪, ৫, সিপিএআর, এনসিওয়াই, সিসিটি-২, সিসিটি-৩, এনসিটি-১, এনসিটি-২, এনসিটি-৪ এবং ওভার ফ্লো) এ পরিবহন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও সীলযুক্ত মূল কপি পরিবহন বিভাগ কর্তৃক সরবরাহ করতে হবে। নিরাপত্তা বিভাগ কর্তৃক যা সকল গেইটে সরবরাহ করা হবে।<br>গ) (TOS) সিস্টেমে পারমিশনকৃত গাড়ী নাম্বার ছাড়া অন্যকোন নাম্বার সংযোজনে যাতে কোন সুযোগ না থাকে তা নিশ্চিত করা।<br>ঘ) যান্ত্রিক বা অন্য কোন কারনে গাড়ি পরিবর্তন করার প্রয়োজন হলে পুনরায় পরিবহন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও সীলযুক্ত অনুমতি পত্র | ক) পরিবহন বিভাগ।<br>খ) নিরাপত্তা বিভাগ।<br>গ) বিদ্যুৎ বিভাগ।<br>ঘ) DataSoft.<br>ঙ) বায়েমেট্রিক্স বিডি।<br>চ) সকল বার্থ/টার্মিনাল অপারেটর। |

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

| | | | |
|---|---|---|---|
| | | প্রাপ্তি সাপেক্ষে (TOS) সিস্টেমে অনলাইন পদ্ধতিতে করতে হবে। | |
| ৩। | ২৪ ঘন্টার অতিরিক্ত সময়ে অবস্থানকারী গাড়ীসমূহের নতুন পাস সংগ্রহ করা। | ক) ২৪ ঘন্টার অতিরিক্ত সময়ে অবস্থানকারী গাড়ীসমূহের পাস HHT দিয়ে ডি-অ্যাক্টিভ করে নতুন পাস সংগ্রহ করতে হবে এবং HHT এর মাধ্যমে অ্যাক্টিভ করা যাবে।<br>খ) Allready Gate in এর পরিবর্তে Invalid লেখা থাকতে হবে। | ক) নিরাপত্তা বিভাগ।<br>খ) বিদ্যুৎ বিভাগ।<br>গ) DataSoft.<br>ঘ) বায়োমেট্রিক বিডি। |
| ৪। | গাড়ি প্রবেশ এবং বাহিরের সংখ্যা HHT তে প্রদর্শন এবং ছোট খাটো Error গুলো সমাধান করা | ক) বন্দর অভ্যন্তরে প্রবেশ এবং বাহিরকৃত গাড়ীর সংখ্যা HHT এর মধ্যে প্রদর্শন করতে হবে। যা অতিসত্ত্বর বাস্তবায়ন করা হবে।<br>খ) ছোট খাটো Error গুলো দ্রুততার সাথে সমাধান করতে হবে। | ক) নিরাপত্তা বিভাগ।<br>খ) বিদ্যুৎ বিভাগ।<br>গ) DataSoft.<br>ঘ) বায়োমেট্রিক বিডি। |

২। <u>TOS</u> ঃ রাজস্ব আদায় এবং সঠিকভাবে জমা প্রদান নিশ্চিত করতে অন্ততঃ সপ্তাহে একবার মনিটর করবেন এবং প্রতিবেদন প্রদান করবেন। এছাড়াও নিরাপত্তা বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।

৩। <u>গেইট সার্জেন্টগণঃ</u> নিরাপত্তা কর্মকর্তা (সিসিটি/এনসিটি) থেকে প্রাপ্ত অনুমতি/পারমিশনের ভিত্তিতে অন-চেসিস ডেলিভারী কার্য সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সকলকে যথাযথ সতর্কতার সহিত দায়িত্ব পালন করতে হবে।

৪। পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে তাদের গুরুত্বপূর্ণ মতামত/সুপারিশ প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। TOS এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিরাপত্তা, পরিবহন, বিদ্যুৎ বিভাগ, DataSoft সিস্টেম বাংলাদেশ এবং বায়োমেট্রিক বিডি লিঃ এর প্রতিনিধিসহ উপস্থিত সকল প্রতিনিধিদের সম্মিলিতভাবে অপারেশনাল কার্যক্রম দ্রুততর করার লক্ষ্যে TOS এর ব্যবহার নিশ্চিত করতে সার্বিক সহযোগীতা কামনা করে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বাঃ/
পরিচালক (নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ১৮.১৩.০০০০.১৩২.০৫.০১৩.২১/১১৪৭

তারিখ ঃ ০৯/১০/২০২৫ইং।